

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শুংখলা অধিশাখা

www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৬০.২০১৬- ৪৪-৭

তারিখঃ ১২.২.২০১৭খ্রিঃ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিস


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সরকারি কর্মচারী(শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ভিত্তিতে আপনি ডাঃ বুবিনা লায়লা (১২৪১৩৬), প্রাক্তন সহকারী সার্জন, সাদেকপুর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, ভৈরব, কিশোরগঞ্জ আপনার বিরুদ্ধে ০৯/২০১৬ নং বিভাগীয় মামলা রুজু করা হয় এবং আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য জনাব আঃ গাফফার খান, যুগ্মসচিব(প্রশাসন)কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তাঁর কার্যালয়ের ১১.১০.২০১৭ খ্রিঃ ৪৫.০০.০০০০.১১৯.১১৬.০০৩.২০১৬.৪০ নং স্মারকে তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। তাঁর প্রতিবেদনে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (সি) ধারায় আনীত অভিযোগ সুস্পষ্টভাবে প্রমানিত হয়েছে বলে উল্লেখ করেছেন।

যেহেতু, আপনি প্রজাতন্ত্রের একজন কর্মকর্তা হিসেবে ০১.১২.২০১০ খ্রিঃ চাকরিতে যোগদান করে ০৯.০৯.২০১২খ্রিঃ একমাসের ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন এবং কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ৪(চার) বছর ২(দুই) মাস কর্মস্থলের বাহিরে অবস্থান করে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (সি) উপ-বিধি অনুযায়ী কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগের অপরাধ করেছেন।

এক্ষেণে, সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (সি) ধারা মোতাবেক কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থল থেকে ৪(চার) বছর ২(দুই) মাস অনুপস্থিত থাকার অভিযোগ প্রমানিত হওয়ায় উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক আপনাকে সরকারি চাকরি হতে বরখাস্ত করা হবে।

এমতাবস্থায়, আপনাকে নির্দেশ প্রদান করা যাচ্ছে যে, কেন আপনাকে অনতিবিলম্বে চাকরি হতে বরখাস্ত (Dismissal) করা হবে না তার কারণ দর্শানোর জন্য ঐ একই বিধির ৭(৬) ধারা মোতাবেক এ পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল। এসাথে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক প্রেরিত রিপোর্টের কপি প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ পাতা।


(মেডিক্যাল অফিসার)
সচিব

ডাঃ বুবিনা লায়লা (১২৪১৩৬),

প্রাক্তন সহকারী সার্জন,

সাদেকপুর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র,

ভৈরব, কিশোরগঞ্জ


(স্থায়ী ঠিকানাঃ-পিতা- মাজহারুল হক, ৬২৬/এ, আব্দুল আলী, উত্তর পাহাড়তলী, ডাক-ফিরোজশাহ কলোনী, চট্টগ্রাম)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৬০.২০১৬- ৪৪-৭/২৪

তারিখঃ ১২.২.২০১৭খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভ্যুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)
- ৩। সিভিল সার্জন, কিশোরগঞ্জ(নোটিসটি অভ্যুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় লটকিয়ে জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)


১২/০২/২০১৭
(আসমা তাসকিন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd